# ২১তম সংখ্যায় ঈশানের কথা

**১৯৭১ থেকে ২০২০ইং। গৌরবের ৫০ বছর।**

**....অর্ধ শতক আগে মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠার দীর্ঘ লড়াইয়ের পর পৃথিবীর বুকে জন্ম নিয়েছিল বিশ্বের একমাত্র বাঙালি রাষ্ট্র। তারও বছর পঁচিশ আগে বাঙালি জাতিগোষ্ঠীর উপর নেমে এসেছিল ইতিহাসের নিকৃষ্টতম দেশভাগের খাঁড়া। নতুন গঠিত দেশ শুধু জাত্যাভিমানকে একটু পুষ্ট করেছিল। কিন্তু এর আগেই দেশ ভাগের শিকার হওয়া এক বৃহৎ সংখ্যক জনগণ এই ক্ষত নিয়েই বেঁচে ছিলেন। আর, পশ্চিমবঙ্গ-পূর্ববঙ্গ ছাড়া তৃতীয় ভুবনের জন্য তাঁদের পরবর্তী প্রজন্ম এই বাঁচার লড়াইটা চালিয়ে যাচ্ছেন রোজ। নিয়তির খেলা! ঐ গৌরবজনক জয়লাভ যে রাষ্ট্র ছাড়া সম্ভব ছিল না, সেই ভারতবর্ষেই ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন-এর পুরোধা বাঙালিরা এখনো সুযোগ্য সম্মান পায়নি। দেশভাগের পীড়িত দুই বড় জনগোষ্ঠীর মধ্যে পাঞ্জাবীরা আজ নিজেদের অধিকার প্রতিষ্ঠায় সফল। ওদের বিদেশি বলে পরিহাস করার ধৃষ্টতা কেউ করবে না। কিন্তু যমুনা, গঙ্গা আর পঞ্চ নদের সাথে সাথে বরাক ব্রহ্মপুত্র দিয়েও অনেক জল বয়ে গেছে। কিন্তু পোড়া কপাল জোড়া লাগে নি। এখনো ঝুলছে নাগরিকত্ব হারানোর খাঁড়া। সাথে আছে -এর ললিপপ। আর উঁচু উঁচু দীর্ঘ দেওয়াল নিয়ে আহ্বান জানাতে তৈরি হচ্ছে পৃথিবীর বৃহত্তম  -এর কৃষ্ণ গহ্বর।**

**বিদেশী তকমা নিয়েই চলে যেতে হল প্রধানমন্ত্রীর গভীর অনুরাগী চন্দ্রধর দাসকে। আমরা তাঁর আত্মার সংগতি কামনা করি। এই মৃত্যু আরও একবার সংকেত দিল অশনি ভবিষ্যৎ-এর। এখনই এর প্রতিকার না হলে তিতিবিরক্ত, শেকড়হীন ভবিষ্যৎ প্রজন্ম একদিন হয়তো পূর্বজদেরকে প্রশ্ন করবে সময়মতো দেশ হারানোর   না করার জন্য ।**

**এবার থেকে সাহিত্য বিভাগে শুরু হচ্ছে  ধারাবাহিক রহস্য উপন্যাস 'সেই চোখ '। সুপরিচিত সাংবাদিক-লেখক হিমু লস্কর-এর কলমে। মোহনবাবুর মজাদার গল্প নিয়ে হাজির হয়েছেন চিন্ময় ভট্টাচার্য। রয়েছে পুরুলিয়া থেকে কবি নিরন্ন হালদার এর কবিতা। ছোটদের জানালা'য় পিঁপড়ের গল্প শোনাল ক্লাস ফাইভের নীলাঙ্কিতা ভট্টাচার্য। ভোটের কুচকাওয়াজ শুরু হয়েছে। এই সময়ে সবাই ব্যস্ত পাওয়া না পাওয়ার হিসেব মেলাতে। বরাকের প্রস্তাবিত মাল্টিমডেল লজিস্টিক পার্ক-এর প্রয়োজনীয়তা ও হালহকিকত নিয়ে লিখেছেন জয়দীপ ভট্টাচার্য। কৃষক বিল নিয়ে দেশের রাজধানী তোলপাড়, সেই নিয়ে ঈশান কথায় কলম ধরেছেন অরূপ বৈশ্য। গোবিন্দ ভট্টাচার্য-এর বিজ্ঞান ভিত্তিক রচনার পাশাপাশি রয়েছে সান্দাকফু থেকে ফিরে রাহুল রায়ের কলমে ঈশানের প্রথম ভ্রমণ কথা, একটি সম্পূর্ণ নতুন বিভাগ ।**

**ঘরোয়া আড্ডায় আসন্ন নির্বাচনে সম্ভাব্য ইস্যু নিয়ে মতামত রাখলেন শহরের যুব প্রজন্মের তিন সদস্য। শিল্পী মৈত্রেয়ী দাম-এর সাথে গান-আড্ডা'র ২য় পর্ব প্রকাশিত হল। শীতের শুরুতে  ঘরে বানানোর নন-ভেজ কেক-এর রেসিপি নিয়ে হাজির হলেন করিমগঞ্জ-এর দেবশ্রী দাস। প্রত্যেককে অশেষ ধন্যবাদ।**

**ভালো থাকবেন সবাই।**

**পড়তে থাকুন ঈশান কথা ...**